দৈনিক সংবাদ

তারিখ ... 11 OCT 1988 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... 2 ...

(৩) 8

12

# মাদারীপুরে ৪২ হাজারেরও বেশী শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

মাদারীপুর, ১০ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।--শিক্ষা উপকরণের অভাব, বই পুস্তক কাগজের অত্যধিক মূল্য বৃদ্ধি ও সর্বোপরি আর্থিক সংকটের কারণে মাদারীপুর জেলায় ৪২ হাজারেরও বেশী শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে সম্পূর্ণরূপে বঞ্চিত রয়েছে।

সংশ্লিষ্ট বিভাগ সূত্রে জানা গেছে, ১০ লাখ জনসংখ্যা অধ্যুষিত মাদারীপুর জেলার রাজৈর, কালকিনি, শিবচর ও সদর এই মোট ৪টি উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা মোট ৫৩ হাজার ৭শ' ২৩জন। কিন্তু বর্তমানে জেলার মোট ৪শ' ২৮টি প্রাথমিক বিদ্যালয়ে মাত্র ১১ হাজার ৩শ' ৪৯ জন ছাত্রছাত্রী লেখাপড়া করছে। অর্থাৎ জেলায় বর্তমানে প্রায় ৪২ হাজার ৩শ' ৭৪ জন শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত রয়েছে। এরমধ্যে ২১ হাজার ৯শ' ৫০ জন বালক ও ২০ হাজার ৪শ' ২১ জন বালিকা বলে সংশ্লিষ্ট বিভাগ সূত্রে জানা গেছে।

এদিকে জেলার ৪শ' ২৮টি প্রাথমিক বিদ্যালয়ে অন্তহীন সমস্যা বিরাজ করায় ছাত্রছাত্রীদের লেখাপড়া ব্যাহত হওয়ার পাশাপাশি ছাত্রছাত্রীদের সংখ্যাও দারুণভাবে হ্রাস পাচ্ছে। জেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে কাগজে-কলমে যে ছাত্রছাত্রী সংখ্যা রয়েছে তার প্রায় এক তৃতীয়াংশই বিদ্যালয়ে আসে না। এর কারণ হিসেবে জানা গেছে, জেলার অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়েই প্রয়োজনীয় শিক্ষকের অভাব, শিক্ষা উপকরণের অভাব ও দুর্মূল্য, বিদ্যালয়গুলোতে প্রয়োজনীয় বেঞ্চ, টেবিল ও অন্যান্য আসবাবপত্রের অভাব, অধিকাংশ বিদ্যালয় গৃহের জরাজীর্ণ অবস্থা। এছাড়াও অপ্রতুল সরকারী মঞ্জুরির দরুন জেলায় প্রাথমিক বিদ্যালয়গুলোতে ছাত্রছাত্রীর সংখ্যা হ্রাস পাচ্ছে।